# ষষ্ঠ ও সপ্তম শ্রেণির সেশন পরিকল্পনার পুনঃবিবেচনা

## ডিজিটাল প্রযুক্তি

ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে নতুন শিক্ষাক্রম এই বছরেই চালু করা হলো বিধায় শিক্ষক, শিক্ষার্থী, বিদ্যালয়ের প্রশাসক, সবারই নিজেদের প্রস্তুত করতে ও নতুন শিক্ষাক্রমে অভ্যস্ত হতে কিছুটা সময় বেশি লেগেছে। তাই জানুয়ারি থেকে জুলাই মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত যতগুলো শিখন অভিজ্ঞতা সম্পন্ন করার পরিকল্পনা ছিল, অনেক ক্ষেত্রেই তা করা সম্ভব হয় নি।

১৫ই নভেম্বরের মধ্যে ষষ্ঠ ও সপ্তম শ্রেণির অবশিষ্ট শিখন অভিজ্ঞতাসমূহ (৪ নং শিখন অভিজ্ঞতা থেকে শুরু করে ৯ নং অভিজ্ঞতা পর্যন্ত) সম্পন্ন করার জন্য শিক্ষকদের জন্য কয়েকটি নির্দেশনা নিচে দেয়া হলো-

**ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে ষষ্ঠ ও সপ্তম শ্রেণির যে অভিজ্ঞতা গুলোর মুল্যায়ন হয়েছে –**

| ষষ্ঠ শ্রেণি | সপ্তম শ্রেণি |
|---|---|
| সমস্যা দেখে না পাই ভয়, সবাই মিলে করি জয় | ডিজিটাল সময়ে তথ্য |
| চল বানাই উপহার | বুদ্ধিবৃত্তিক সম্পদের ব্যবহার |
| আমাদের বিদ্যালয় পত্রিকা | তথ্য প্রযুক্তির মাধ্যমে ভার্চুয়াল পরিচিতি তৈরি |

**ষষ্ঠ ও সপ্তম শ্রেণির আরও ৬ টি করে অভিজ্ঞতা বাৎসরিক সামষ্টিক মূল্যায়নের পূর্বে শেষ করতে হবে –**

| **শ্রেণি** | **অবশিষ্ট অভিজ্ঞতার সংখ্যা** | **পূর্ব পরিকল্পনা অনুযায়ী সেশন সংখ্যা** | **সামষ্টিক মূল্যায়নের পূর্বে যে কয়টি শ্রেণি সময় আছে (২৩ জুলাই – ১০ নভেম্বর)** |
|---|---|---|---|
| ষষ্ঠ | ৬ টি | ৩২ | ১৬ সপ্তাহে ৩২ টি সেশন |
| সপ্তম | ৬ টি | ৩৫ | ১৬ সপ্তাহে ৩২ টি সেশন |

এছাড়া, সরকারি ছুটি, অন্যান্য বিষয়ের দিনব্যাপী শ্রেণি কার্যক্রম, প্রাকৃতিক দূর্যোগ ইত্যাদি কারনে শ্রেণিভেদে কয়েকটি সেশন অতিরিক্ত প্রয়োজন হতে পারে। এই পরিপ্রেক্ষিতে, কিছু নির্দেশনা প্রস্তাব করা হল যা অনুসরণ করে শিক্ষকগণ যথা সময়ে সিলেবাসের সকল শিখন অভিজ্ঞতা শেষ করতে পারবেন।

**মনে রাখতে হবে, এই নির্দেশনা বা প্রস্তাব কেবল ২০২৩ সালের জন্য প্রযোজ্য। ২০২৪ সাল থেকে যথাযথভাবে শিক্ষক সহায়িকা অনুসরণ করে শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে হবে।**

# ৬ষ্ঠ শ্রেণি

| শিখন অভিজ্ঞতার শিরোনাম | শিক্ষকদের জন্য নির্দেশনা | পূর্বনির্ধারিত সেশন সংখ্যা | পরিমার্জিত সেশন সংখ্যা |
|---|---|---|---|
| **শিখন অভিজ্ঞতা ৪ - 'তথ্য ঝুঁকি মোকাবেলায় মানববন্ধন'** | সেশন ৪ এবং ৫ শিক্ষার্থী নিজে নিজে বাড়িতে বসে করতে পারবে। তাই এই দুইটি সেশনের কাজ পুরোটা বুঝিয়ে দিয়ে শিক্ষার্থীদেরকে বাড়ির কাজ হিসেবে দেয়া যেতে পারে।<br>১। 'ডিজিটাল মাধ্যমে ঝুঁকি ও সাধারণ মাধ্যমে ঝুঁকি',<br>২। 'ব্যক্তিগত গোপনীয়তা বিষয়ক ঝুঁকি এবং কিভাবে ব্যক্তিগত গোপনীয়তা লঙ্ঘন হয়েছে'<br>বিশেষ করে এই দুইটি ছক পূরণের কাজ শিক্ষার্থীরা বাড়ির কাজ হিসেবে করে আনবে।<br>এতে করে দুইটি সেশন সময় কম প্রয়োজন হবে। | ৮ টি | ৬ টি |
| **শিখন অভিজ্ঞতা ৫ - 'বন্ধুর সাথে ভ্রমণ পরিকল্পনা'** | এখানে সেশন ৪, ৫, ৬ এ – 'বন্ধুর সাথে ভ্রমন পরিকল্পনা ১' 'বন্ধুর সাথে ভ্রমন পরিকল্পনা ২' এবং 'ভ্রমণ পরিকল্পনা বানাই' এই তিনটি সেশনকে দুইটি সেশনে শেষ করা যেতে পারে। এই ক্ষেত্রে শিক্ষককে পূর্বেই তিনটি সেশন পড়ে নিতে হবে এবং ধাঁধার সাহায্যে ফ্লোচার্টে 'পুনরাবৃত্তি' ও 'পরিমার্জন' রুপ কীভাবে কাজ করে তা বুঝে নিবেন। কাজেই শিক্ষার্থীদের ধাঁধার উত্তরের সাথে ফ্লোচার্টের সম্পর্ক বুঝিয়ে কাজটি শেষ করতে কম সময় প্রয়োজন হবে। | ৬টি | ৫টি |
| **শিখন অভিজ্ঞতা ৬ - 'শিখনের জন্য নেটওয়ার্ক'** | এখানে সেশন ৬ 'বন্ধু নেটওয়ার্ক – ২ – শ্রেনীর বাইরের কাজ' এই সেশনটির কাজটি পাঁচ নাম্বার সেশনে নির্দেশনা দিয়ে শেষ করা যেতে পারে। এছাড়া সেশন – ৪ এর 'দুই নেটওয়ার্কের মাঝে মিল অমিল' কাজটি অনুশীলন বাদ দেওয়া যেতে পারে। এতে করে একটি সেশন কম প্রয়োজন হবে। | ৫ টি | ৪ টি |
| **অভিজ্ঞতা ৭ - 'চলো সাজাই জরুরি সেবা তথ্য কেন্দ্র'** | শিক্ষক সহায়িকা নির্দেশনা অনুযায়ী চলবে | ৫ টি | ৫ টি |

| | | | |
|---|---|---|---|
| **শিখন অভিজ্ঞতা ৮ - 'সুপ্ত মনের মুক্ত আলোচনা'** | এখানে 'সেশন – ৩' 'মুক্ত আলোচনা পরিকল্পনা' এর সময় 'সেশন – ৪' 'অতিথি আমন্ত্রণ' একই সেশনে সম্পন্ন করা যেতে পারে। এই ক্ষেত্রে সারণি '৮.৫' টি  সেশন -৩ এর বাড়ীর কাজ হিসেবে দিয়ে দেওয়া যেতে পারে। এতে করে একটি সেশন সময় কম প্রয়োজন হবে। | ৫ টি | ৪ টি |
| **শিখন অভিজ্ঞতা ৯ – 'স্থানীয় বৈচিত্রপত্র'** | শিক্ষক সহায়িকা নির্দেশনা অনুযায়ী চলবে | ৫ টি | ৫ টি |

সাধারণ নির্দেশনা:

১। শিক্ষক লক্ষ্য রাখবেন কোন বিষয়ের শ্রেণির বাইরের কাজ যেন অন্য আরেকটি বিষয়ের শ্রেণি সময়কে প্রভাবিত না করে। অর্থাৎ ডিজিটাল প্রযুক্তি বিষয়ের একটি শ্রেণির বাইরের কাজ যেন ডিজিটাল প্রযুক্তির পর যে বিষয়ের সেশন পরিচালিত হওয়ার কথা সে বিষয়ের সময়কে প্রভাবিত না করে। সকল বিষয়ের সেশন সময় পরিকল্পনা মত শেষ করতে হবে।

২। 'নিজে নিজে পড়ি', 'সরবে পড়ি', 'নিরবে পড়ি', 'দলগতভাবে পড়ি' এই ধরণের পাঠগুলো শিক্ষক নিজে পড়ে বুঝিয়ে দিতে পারেন এবং শিক্ষার্থীদের প্রশ্ন করতে পারেন। এতে করে সেশনের সময় কিছুটা সংক্ষেপ করা সম্ভব হবে এবং প্রয়োজনে পরের সেশনের কিছু কাজ আগের এই সময়ে সম্পন্ন করা যাবে। এভাবে শিক্ষকের সুবিধা অনুসারে কিছু কিছু ক্ষেত্রে ৩টি সেশনের কাজ ২টি সেশনের মাঝে সম্পন্ন করে একটি সেশন কমানো যাবে।

৩। দুর্যোগ বা অন্যান্য কারনে যদি বিদ্যালয় বন্ধ থাকে, শিক্ষক পূর্বে থেকে বাড়ির কাজ, দলীয় বাড়ির কাজ, তথ্য সংগ্রহ এই ধরণের কাজগুলো শিক্ষার্থীদের বুঝিয়ে দিয়ে শিখন কার্যক্রম চলমান রাখতে পারেন যেন পরিকল্পনা অনুযায়ী সেশন শেষ করা সম্ভব হয়।

৪। যে কোন উপস্থাপনের সময় সব দলের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। দলের সকল সদস্যকে যাচাই করার স্বার্থে সবাইকে অল্প সময়ের জন্য হলেও উপস্থাপনের সুযোগ করে দিতে হবে। সেশন বা সেশনের সময় কমানোর জন্য দলের কোন সদস্যের অংশগ্রহণের সুযোগ নষ্ট করা যাবে না।

# ৭ম শ্রেণি

| শিখন অভিজ্ঞতার শিরোনাম | শিক্ষকদের জন্য নির্দেশনা | পূর্বনির্ধারিত সেশন সংখ্যা | পরিমার্জিত সেশন সংখ্যা |
|---|---|---|---|
| **শিখন অভিজ্ঞতা ৪ - 'সাইবারে গোয়েন্দাগিরি'** | 'সেশন ১: সাইবার অপরাধের রকমসকম' এবং 'সেশন ২: আমরা যখন সাইবার গোয়েন্দা' একইদিনে সম্পন্ন করা যায়। এক্ষেত্রে সেশন ১ এ দেয়া সংবাদটি শিক্ষার্থীদেরকে দলগতভাবে পড়তে না দিয়ে শিক্ষক নিজেই পড়ে শুনিয়ে সেখান থেকে সাইবার অপরাধ সম্পর্কিত শব্দগুলো শিক্ষার্থীদেরকে খুঁজে বের করতে বলবেন।<br><br>এছাড়া 'সেশন ৫: আমরা বানাবো আমাদের সাইবার নিরাপত্তা নীতিমালা' এর নীতিমালা তৈরির কাজটি শিক্ষার্থীদেরকে বাড়ির কাজ হিসেবে করে আনতে দেয়া যেতে পারে। এক্ষেত্রে সেশন ৪ এর শেষে শিক্ষার্থীদেরকে সেশন ৫ এর কাজ বুঝিয়ে দিতে হবে।<br><br>এতে সম্পূর্ণ অভিজ্ঞতাটি শেষ করতে ২টি সেশন কম প্রয়োজন হবে। | ৬ টি | ৪ টি |
| **শিখন অভিজ্ঞতা ৫ - 'আমি যদি রোবট হই'** | 'সেশন ৭: কাগজ দিয়ে রোবট বানাই' এবং 'সেশন ৮: রোবটে সুডো কোড চালাই' একইদিনে সম্পন্ন করা যেতে পারে। এক্ষেত্রে শিক্ষককে পূর্বেই দুইটি সেশন ভালভাবে পড়ে বুঝে নিতে হবে এবং কাগজ দিয়ে রোবট বানানোর বিষয়টি শিক্ষার্থীদের ভালভাবে বুঝিয়ে দিতে হবে।<br><br>এতে সম্পূর্ণ অভিজ্ঞতাটি শেষ করতে ১টি সেশন কম প্রয়োজন হবে। | ৮ টি | ৭ টি |
| **শিখন অভিজ্ঞতা ৬ - 'বন্ধু নেটওয়ার্কে** | 'সেশন ১: ইতিহাস থেকে অতীতের নেটওয়ার্ক জানি' এবং 'সেশন ২: আমার চারপাশে আছে নানা ধরনের নেটওয়ার্ক' একই সেশনে শেষ করা যেতে পারে। এক্ষেত্রে সেশন ১ এর শুরুর অংশটুকু শিক্ষক শ্রেণিকক্ষে | ৬ টি | ৪ টি |

| | | | |
|---|---|---|---|
| **ভাব বিনিময়’** | সংক্ষেপে উপস্থাপন করবেন। সেশন ১ এর শেষের ছকটি এবং সেশন ২ এর প্রথম ছকটি শিক্ষার্থীরা শ্রেণির কাজ হিসেবে পূরণ করবে। সেশন ২ এর দ্বিতীয় ছকটি শিক্ষার্থীরা বাড়ির কাজ হিসেবে সম্পন্ন করে আনবে। এক্ষেত্রে দলগত কাজ না দিয়ে কাজটি একক কাজ হিসেবে করতে দিতে হবে।<br><br>এছাড়া ‘সেশন ৫: তারবিহীন স্যাটেলাইট নেটওয়ার্ক’ এর কিছু অংশ ‘সেশন ৪: আমাদের নিজেদের নেটওয়ার্ক রাখবো নিরাপদ’ এর শেষে এবং কিছু অংশ ‘সেশন ৬: আমাদের বন্ধু নেটওয়ার্ক’ এর শুরুতে ভাগ করে উপস্থাপন করা যেতে পারে। এক্ষেত্রে শিক্ষককে পূর্বেই তিনটি সেশন ভালভাবে পড়ে বুঝে নিতে হবে।<br><br>এতে সম্পূর্ণ অভিজ্ঞতাটি শেষ করতে ২টি সেশন কম প্রয়োজন হবে। | | |
| **অভিজ্ঞতা ৭ -**<br><br>**‘গ্রাহকসেবায় ডিজিটাল প্রযুক্তির ব্যবহার’** | শিক্ষক সহায়িকা নির্দেশনা অনুযায়ী চলবে | ৬ টি | ৬ টি |
| **শিখন অভিজ্ঞতা ৮ -** **‘যোগাযোগে নিয়ম মানি’** | ‘সেশন ২: যোগাযোগের মাধ্যম বা চ্যানেল’ এর কিছু অংশ ‘সেশন ১’ এর শেষে এবং কিছু অংশ ‘সেশন ৩: যোগাযোগ ও ভাষার ব্যবহার’ এর শুরুতে ভাগ করে উপস্থাপন করা যেতে পারে। এক্ষেত্রে শিক্ষককে পূর্বেই তিনটি সেশন ভালভাবে পড়ে বুঝে নিতে হবে। | ৫ টি | ৪ টি |
| **শিখন অভিজ্ঞতা ৯ -**<br><br>**‘‘আঞ্চলিক বৈচিত্রপত্র’** | ‘সেশন ৪: তথ্য খুঁজে প্রোফাইল তৈরি’ শিক্ষার্থীদের বাড়ির কাজ হিসেবে করতে দেয়া যেতে পারে। সেক্ষেত্রে সেশন ৩ এর শেষে শিক্ষার্থীদেরকে বাড়ির কাজটি সঠিকভাবে বুঝয়ে দিতে হবে।<br><br>এতে সম্পূর্ণ অভিজ্ঞতাটি শেষ করতে ১টি সেশন কম প্রয়োজন হবে। | ৫ টি | ৪ টি |

সাধারণ নির্দেশনা:

১। শিক্ষক লক্ষ্য রাখবেন কোন বিষয়ের শ্রেণির বাইরের কাজ যেন অন্য আরেকটি বিষয়ের শ্রেণি সময়কে প্রভাবিত না করে। অর্থাৎ ডিজিটাল প্রযুক্তি বিষয়ের একটি শ্রেণির বাইরের কাজ যেন ডিজিটাল প্রযুক্তির পর যে বিষয়ের সেশন পরিচালিত হওয়ার কথা সে বিষয়ের সময়কে প্রভাবিত না করে। সকল বিষয়ের সেশন সময় পরিকল্পনা মত শেষ করতে হবে।

২। 'নিজে নিজে পড়ি', 'সরবে পড়ি', 'নিরবে পড়ি', 'দলগতভাবে পড়ি' এই ধরণের পাঠগুলো শিক্ষক নিজে পড়ে বুঝিয়ে দিতে পারেন এবং শিক্ষার্থীদের প্রশ্ন করতে পারেন। এতে করে সেশনের সময় কিছুটা সংক্ষেপ করা সম্ভব হবে এবং প্রয়োজনে পরের সেশনের কিছু কাজ আগের এই সময়ে সম্পন্ন করা যাবে। এভাবে শিক্ষকের সুবিধা অনুসারে কিছু কিছু ক্ষেত্রে ৩টি সেশনের কাজ ২টি সেশনের মাঝে সম্পন্ন করে একটি সেশন কমানো যাবে।

৩। দুর্যোগ বা অন্যান্য কারনে যদি বিদ্যালয় বন্ধ থাকে, শিক্ষক পূর্বে থেকে বাড়ির কাজ, দলীয় বাড়ির কাজ, তথ্য সংগ্রহ এই ধরণের কাজগুলো শিক্ষার্থীদের বুঝিয়ে দিয়ে শিখন কার্যক্রম চলমান রাখতে পারেন যেন পরিকল্পনা অনুযায়ী সেশন শেষ করা সম্ভব হয়।

৪। যে কোন উপস্থাপনের সময় সব দলের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। দলের সকল সদস্যকে যাচাই করার স্বার্থে সবাইকে অল্প সময়ের জন্য হলেও উপস্থাপনের সুযোগ করে দিতে হবে। সেশন বা সেশনের সময় কমানোর জন্য দলের কোন সদস্যের অংশগ্রহণের সুযোগ নষ্ট করা যাবে না।